রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ২, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

প্রজ্ঞাপন

ঢাকা, ১৬ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ/ ১ নভেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

নম্বর- ০৪.০০.০০০০.০০০.৬১১.০৬.০০০৩.২৬.২১১—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার 'জাতীয় প্রতিরক্ষা শিল্প কমিটি' নিম্নরূপ গঠন করেছে :

১.১। **কমিটির গঠন** :

(১)	প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার	:	সভাপতি
(২)	মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়	:	সদস্য
(৩)	মন্ত্রী, শিল্প মন্ত্রণালয়	:	সদস্য
(৪)	মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয়	:	সদস্য
(৫)	উপদেষ্টা, প্রতিরক্ষা মন্ত্রণালয়	:	সদস্য
(৬)	চেয়ারম্যান, ইনভেস্ট বাংলাদেশ কর্তৃপক্ষ	:	সদস্য
(৭)	সেনাবাহিনী প্রধান	:	সদস্য
(৮)	নৌবাহিনী প্রধান	:	সদস্য
(৯)	বিমানবাহিনী প্রধান	:	সদস্য

মূল্য : টাকা ৪.০০

(১০) প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ : সদস্য

(১১) সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয় : সদস্য।

এ কমিটিতে 'সচিব' বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

১.২। **কমিটির কার্যপরিধি :**

(১) প্রতিরক্ষা শিল্প উন্নয়ন পরিকল্পনায় দিকনির্দেশনা প্রদান এবং তা বাস্তবায়নে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান;

(২) প্রতিরক্ষা সরঞ্জাম উৎপাদন ও রপ্তানি সংক্রান্ত নীতিগত দিকনির্দেশনা প্রদান;

(৩) স্বল্পমেয়াদি ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের নির্দেশনা প্রদান;

(৪) বিভিন্ন পর্যায়ে প্রতিরক্ষা সরঞ্জাম উৎপাদন ও গবেষণার প্রয়োজনীয়তা নির্ধারণ করা;

(৫) পূর্ণাঙ্গ প্রতিরক্ষা শিল্প বিভাগ (ডিআইডি) গঠনের প্রয়োজনীয় পরামর্শ ও দিকনির্দেশনা প্রদান; এবং

(৬) প্রতিরক্ষা শিল্প বিভাগ (ডিআইডি)-এর মাধ্যমে প্রয়োজনীয় আর্থিক ও প্রশাসনিক সিদ্ধান্ত বাস্তবায়ন করা।

১.৩। প্রধানমন্ত্রী/সরকার প্রধান প্রয়োজন অনুযায়ী অন্য যে কোনো নির্বাহী সদস্য কো-অপ্ট (অন্তর্ভুক্ত) করতে পারবেন।

১.৪। সরকার কর্তৃক নির্বাচিত যে কোনো কর্মরত/অবসরপ্রাপ্ত সামরিক/ বেসামরিক কর্মকর্তা (গ্রেড-১) (প্রতিরক্ষা শিল্প বিভাগ এর নির্বাহী পরিচালক) কমিটির সদস্য-সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন।

১.৫। কমিটির সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোহাম্মদ শামীম সোহেল)
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ০২-২২৬৬৪১০০১
e-mail: addl_ce@cabinet.gov.bd

মোহাম্মদ আবু ইউসুফ, পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd